



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/২৪৭

তারিখঃ ০৪/০৫/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫৭১ তম কমিশন সভা অদ্য ০৪/০৫/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. কমিশন সভায় Merger and Takeover সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছেঃ

- ক) জনাব মোঃ মাহবুবুল আলম, নির্বাহী পরিচালক, আহ্বায়ক;
- খ) জনাব রিপন কুমার দেবনাথ, পরিচালক, সদস্য;
- গ) জনাব মোঃ আবুল কালাম, পরিচালক, সদস্য; এবং
- ঘ) জনাব কাউসার আলী, উপ-পরিচালক, সদস্য সচিব।

উক্ত কমিটি আদেশ জারির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে কমিশনে প্রতিবেদন দাখিল করবে।

২. Vision Capital Management Ltd. দুইজন গ্রাহকের নিকট হতে ৫,৭০,০০০ টাকার চেক গ্রহণ করে এবং Vision Capital Management Ltd. সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এ তা আদায় করে। পরবর্তীতে উক্ত গ্রাহকদের হিসাবে টাকা জমা না করে অন্য গ্রাহকের হিসাবে আদায়কৃত অর্থ জমা করনের মাধ্যমে অর্থ আত্মসাৎ করে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এবং দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ লংঘন করে। উল্লিখিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন, যথাক্রমে Vision Capital Management Ltd. -কে গ্রাহকের নিকট হতে আদায়কৃত ৫,৭০,০০০/- টাকা ফেরত দেওয়ার নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে এবং ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করে।

৩. S. R. Capital Ltd. (CSE Mem No. 038) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয়ঃ

- ক) কতিপয় শেয়ার Short Sale করার মাধ্যমে Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 এর Regulation 4(1) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর লংঘন;
- খ) পরিচালকদের মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;
- গ) নন মার্জিনেবল "Z" ক্যাটাগরির শেয়ার ত্রয়ে মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/169 তাং 01/10/2009 লংঘন;
- ঘ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিলের ঘাটতি থাকা এবং পরিচালক কর্তৃক অর্থ উত্তোলন করার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি-১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ লংঘন;
- ঙ) গ্রাহকদের হিসাবে DPA6 ও পোর্টফলিও হিসাবে গরমিল থাকার মাধ্যমে এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি-১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ লংঘন;




## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

- চ) গ্রাহকের নিকট হতে পোর্টফোলিও ব্যবস্থাপনা ফি আদায়ের মাধ্যমে এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি-১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ ও ৪ লংঘন; এবং
- ছ) অনুমোদিত ওয়ার্ক স্টেশন সংরক্ষণ না করার মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2002-90/34 dated 29/07/2008 এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন, S. R. Capital Ltd. -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা এবং পরিচালক জনাব মোঃ সিদ্দিকুর রহমান -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪. কমিশন অদ্যকার সভায় AIMS First Guaranteed Mutual Fund এর অবলুপ্তির উদ্দেশ্যে ট্রাস্টি কর্তৃক ২রা মার্চ ২০১৬ তারিখের ভিত্তিতে প্রদত্ত অডিট প্রতিবেদন এবং ৩০শে এপ্রিল ২০১৬ তারিখের ভিত্তিতে নীট সম্পদ মূল্যায়ন প্রতিবেদন কিছু অবজারভেশন সাপেক্ষে অনুমোদন প্রদান করেছে এবং পরবর্তীতে এসব অবজারভেশনের বিষয়ে পদক্ষেপ নেয়া হবে। ট্রাস্টি কর্তৃক প্রদত্ত নীট সম্পদ মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী ইউনিট মালিকগণের মধ্যে বন্টনের জন্য ইউনিট প্রতি নীট অর্থের পরিমাণ হবে ২৫.৯৩ টাকা। উক্ত অর্থ ফান্ডের ট্রাস্টি তথা বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ বিধি মোতাবেক আগামী ৭ কার্য দিবসের মধ্যে ইউনিট হোল্ডারদের মধ্যে বন্টন করবে।
৫. কমিশন অদ্যকার সভায় Grameen One: First Scheme of Grameen Mutual Fund এর অবলুপ্তির উদ্দেশ্যে ট্রাস্টি কর্তৃক ২রা মার্চ ২০১৬ তারিখের ভিত্তিতে প্রদত্ত অডিট প্রতিবেদন এবং ৩০শে এপ্রিল ২০১৬ তারিখের ভিত্তিতে নীট সম্পদ মূল্যায়ন প্রতিবেদন কিছু অবজারভেশন সাপেক্ষে অনুমোদন প্রদান করেছে এবং পরবর্তীতে এসব অবজারভেশনের বিষয়ে পদক্ষেপ নেয়া হবে। ট্রাস্টি কর্তৃক প্রদত্ত নীট সম্পদ মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী ইউনিট মালিকগণের মধ্যে বন্টনের জন্য ইউনিট প্রতি নীট অর্থের পরিমাণ হবে ২৪.৬৬ টাকা। উক্ত অর্থ ফান্ডের ট্রাস্টি তথা গ্রামীণ ফান্ড বিধি মোতাবেক আগামী ৭ কার্য দিবসের মধ্যে ইউনিট হোল্ডারদের মধ্যে বন্টন করবে।

  
08/05/2022

মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক  
ও  
মুখপাত্র।